বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৪৮৭

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

**বিষয়: ২৭ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন/পুনঃনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- (১) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৩৮১, তারিখ: ০৬ জুন ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৩৮০, তারিখ: ০৬ জুন ২০২২
(৩) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৩৭৯, তারিখ: ০৬ জুন ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন/পুনঃনির্বাচনের (সংযুক্ত তালিকার) **ভোটগ্রহণ ২৭ জুলাই ২০২২** তারিখে অনুষ্ঠিত হবে।

০২। ইতঃপূর্বে অনুষ্ঠিত উপজেলা/ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচনসমূহে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পিড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **২৭ জুলাই ২০২২ তারিখে** অনুষ্ঠিতব্য উপজেলা/ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট এলাকায় সাধারণ/উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জুলাই ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জুলাই ২০২২** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ
(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান
(৩) স্পিড বোট

০৩। তবে সকল ধরনের ইঞ্জিন চালিত নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ না করে শুধু লঞ্চ ও স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। বিশেষ করে ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞা বহির্ভূত রাখতে হবে।

০৪। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৫। বর্ণিতাবস্থায়, উপজেলা/ইউনিয়ন পরিষদের সাধারণ/উপনির্বাচন/পুনঃনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জুলাই ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জুলাই ২০২২ তারিখ** মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট এলাকায় উল্লিখিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

04/7/2022

( মো: আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব (প্রশাসন-১)]

G:\UP General Elections-2021-2022\Upazila & Union General Election Schedule_27.07.2022\11. UP General Leave (Road & River).doc

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৪৮৭

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................................. (সংশ্লিষ্ট)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, .......................................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, ................................................... মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, ................................................. (সংশ্লিষ্ট)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................... (সংশ্লিষ্ট)
২০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. পুলিশ সুপার...................................................... (সংশ্লিষ্ট)
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .................................................. (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................................ (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ................................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা নির্বাচন অফিসার, .................................................. (সংশ্লিষ্ট)
৩১. অফিসার ইন চার্জ, ............................................................ (সংশ্লিষ্ট)

৪/৭/২২

( মোহাম্মদ আশিফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)

## ২৭ জুলাই ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত উপজেলা পরিষদের শূন্য পদের উপনির্বাচন

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | পদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মৌলভীবাজার | শ্রীমঙ্গল | ভাইস চেয়ারম্যান | |
| ২. | মেহেরপুর | সদর | ভাইস চেয়ারম্যান | |

## ২৭ জুলাই ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের তালিকা

| জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. ঠাকুরগাঁও | ১. রাণীশংকৈল | ১. হোসেনগাঁও | |
| | | ২. বাচোঁর | |
| | | ৩. নন্দুয়ার | |
| ২. পাবনা | ২. সাঁথিয়া | ৪. করমজা | |
| ৩. টাঙ্গাইল | ৩. সদর | ৫. ছিলিমপুর | |
| | | ৬. কাতুলী | |
| | | ৭. মাহমুদনগর | |
| | | ৮. কাকুয়া | |
| ৪. ফরিদপুর | ৪. মধুখালী | ৯. ডুমাইন | |
| | | ১০. মেঘচামী | |
| | | ১১. আড়পাড়া | |
| ৫. ব্রাহ্মণবাড়িয়া | ৫. নবীনগর | ১২. কাইতলা (উত্তর) | |
| ৬. কুমিল্লা | ৬. চান্দিনা | ১৩. মহিচাইল | |
| ৭. চাঁদপুর | ৭. মতলব দক্ষিণ | ১৪. খাদেরগাঁও | |
| ৮. লক্ষ্মীপুর | ৮. রামগতি | ১৫. বড়খেরী | |
| | | ১৬. চরআবদুল্যাহ | ব্যালট পেপারে ভোটগ্রহণ |

## ২৭ জুলাই ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. শেরপুর | ১. নালিতাবাড়ী | ১. রামচন্দ্রকুড়া মন্ডলিয়াপাড়া | ১. চেয়ারম্যান | |
| ২. মুন্সীগঞ্জ | ২. সদর | ২. বজ্রযোগিনী | ২. চেয়ারম্যান | |
| ৩. মাদারীপুর | ৩. শিবচর | ৩. সন্যাসীরচর | ৩. চেয়ারম্যান | |
| ৪. গোপালগঞ্জ | ৪. মুকসুদপুর | ৪. বাটিকামারী | ৪. চেয়ারম্যান | |
| ৫. রাঙ্গামাটি | ৫. লংগদু | ৫. লংগদু | ৫. চেয়ারম্যান | ব্যালট পেপারে ভোটগ্রহণ |

## ২৭ জুলাই ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদে মৃত্যুজনিত বা মনোনয়নপত্র দাখিল না করা, শপথ না করায় অথবা অন্যবিধ কারণে পুনঃনির্বাচনের বিবরণী

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|
| ১. পটুয়াখালী | ১. বাউফল | ১. নাজিরপুর তাতেরকাঠী | ১. চেয়ারম্যান |
| ২. লক্ষ্মীপুর | ২. সদর | ২. দিঘলী | ২. চেয়ারম্যান |